

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.৩৬৪.১৬. ২৭৬৪

তারিখ : ২২/১২/২০১৬ খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো নোটিশ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তিনি জনাব মোঃ মাসুদুল করিম খান, ইন্সট্রাক্টর (ফার্মেশিয়ারী), সিরাজগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজে ৩৪ জন শিক্ষক-কর্মচারীর মধ্যে মাত্র ২/৩ জন শিক্ষক মাঝে মাঝেই প্রতিষ্ঠানে সুশৃঙ্খল কার্যক্রমে প্রতিবন্ধকতা সৃষ্টি করে আসছেন। তাদের মধ্যে আপনি প্রধান ভূমিকায় থাকেন;

- ২। আপনি দীর্ঘ প্রায় ১৩ (তের) বছর যাবৎ উক্ত প্রতিষ্ঠানে কর্মরত আছেন। আপনি দীর্ঘদিন উক্ত প্রতিষ্ঠানে কর্মরত থাকায় অহংকারবোধ করেন এবং স্বেচ্ছাচারিতার মাধ্যমে বিধি-নিষেধ আগ্রহ্য করেন। আপনার আচরণে সব সময় গুণ্ডিত্বপূর্ণতা প্রকাশ পায়;
- ৩। আপনি প্রতিষ্ঠানের সাধারণ সভায় মনগড়া কথা-বার্তা বলে মিটিংয়ে বিশৃঙ্খলা সৃষ্টি করেন। গত ২৯/০৯/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভায় গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ ১৯৮২ অনুযায়ী যথাসময়ে অফিসে উপস্থিতি, অবস্থান ও দায়িত্ব পালন সংক্রান্ত বিষয়ে জারিকৃত বিজ্ঞপ্তি যথাযথভাবে প্রতিপালনের কথা বললে আপনি উত্তেজিত হন;
- ৪। আপনি অধ্যক্ষ এর মৌখিকভাবে বার বার বুঝানো সত্ত্বেও সে আপনি স্বভাব সুলভ আচরণ করে যাচ্ছেন;

আপনার এহেন কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর পরিপন্থি যা কর্তব্য কাজে অসদাচরণের সামিল।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর দণ্ড বিধি ৩ এর (বি) বিধি মোতাবেক অসদাচরণ (Misconduct) এর দায়ে অভিযুক্ত করা হবে না তা এ বিধিমালার ৭(বি) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিত ভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম সচিব

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : জনাব মোঃ মাসুদুল করিম খান
ইন্সট্রাক্টর (ফার্মেশিয়ারী)
সিরাজগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ
সিরাজগঞ্জ।

অনুলিপি :

- ০১। অধ্যক্ষ, সিরাজগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ০২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।